

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), নায়েম ক্যাম্পাস, ধানমন্ডি, ঢাকা-১২০৫

ফ্যাক্স: ০২-৫৫১৬৭৪২৭, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

ই-মেইল: ntrca2005@yahoo.com

স্মারক নং: বেশিনিক/শিশি/বে.শি.প্রতিষ্ঠানে শি.নিয়োগ/৫৭৪/২০১৬/২০২

তারিখঃ ২০ নভেম্বর ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সংক্রান্ত।

- সূত্রঃ ১. শিক্ষা মন্ত্রণালয়ের ১৪ নভেম্বর ২০১৬ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.৭২.৩১.০৩৭.১৬.৩৮৬।
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৯ নভেম্বর ২০১৬ তারিখের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৪৩.০৫০.
২০১৬-৯৪৮৫/৯।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোল্লিখিত স্মারকসমূহের নির্দেশনা অনুযায়ী নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগকারী কর্তৃপক্ষ ক্ষেত্রমত ম্যানেজিং কমিটি বা গভর্নিং বডি নাই এবং প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগপত্র জারি করার ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের জটিলতা নিরসনের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের যোগদানের সুবিধার্থে নিয়োগপত্র জারি করবেন। তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি গঠনের পর উক্ত শিক্ষকদের নিয়োগপত্র ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণ করতে হবে।

০২। যে সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কমিটি নাই, সে সকল শিক্ষা প্রতিষ্ঠান অতিসত্তর কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। জাতীয়করণের জন্য প্রক্রিয়াধীন যে সকল কলেজে এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে সে ক্ষেত্রে নির্বাচিত শিক্ষকদের নিয়োগ দিয়ে জাতীয়করণের জন্য পরিদর্শন প্রতিবেদনে তাদের নাম অন্তর্ভুক্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।



(ফিরোজা বেগম)

উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)

এনটিআরসিএ, ঢাকা।

প্রাপক:

প্রতিষ্ঠান প্রধান

সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান।